# বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন
# Bangladesh Petroleum Corporation

স্মারক নং-২৮.০৩.০০০০.০০৮.২৬.০০৫.০৭/৪৭২ তারিখঃ ২২/০৩/২০১৮

বিষয়ঃ বিপিসি'র অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের "সংশোধিত নিয়োগ নীতিমালা- ২০১৭" প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের জন্য প্রযোজ্য "নিয়োগ নীতিমালা- ২০১৭" আংশিক সংশোধনপূর্বক এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অনুসরণের জন্য জারি করা হলো।

জনস্বার্থে জারিকৃত সংশোধিত এ নীতিমালাটি অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(কাজী মোহাম্মদ হাসান)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক,
(পিওসিএল/এমপিএল/ইআরএল/এলপিজিএল/জেওসিএল), চট্টগ্রাম।

২। মহাব্যবস্থাপক, এসএওসিএল, চট্টগ্রাম।

অনুলিপি:

১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।

৩। সংশ্লিষ্ট নথি/মাস্টার ফাইল।

Head Office: BSC Bhaban, Saltgola Road, P. O. Box No.2050, Chittagong-4100, Bangladesh. Tel: 031-726207, PABX: 88-031-716336-37, Fax: 88-031-7
Dhaka Liaison Office: Jamuna Bhaban, 2 Kawran Bazar Commercial Area, Dhaka-1215, Bangladesh.
Tel: 02-8189556, 02-8189558, Fax: 02-8189557, E-Mail: chairman_bpc@yahoo.com

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

চট্টগ্রাম।

(সংশোধিত)

নং-২৮.০৩.০০০০.০০৮.২৬.০০৫.০৭-

তারিখ : ২২/০৩/২০১৮ খ্রিঃ।

## বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তা নিয়োগ নীতিমালা-২০১৭।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অধীনস্থ কোম্পানীসমূহের কর্মকর্তাগণের সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের যোগ্যতা মূল্যায়নের লক্ষ্যে এই নীতিমালা প্রণয়ন করা হলো। এই নীতিমালা ''বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তা নিয়োগ নীতিমালা-২০১৭''- নামে অভিহিত হবে। এ সংক্রান্ত পূর্বের নীতিমালা - ''বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তাদের নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা মূল্যায়নের নীতিমালা-২০১১'' বাতিলপূর্বক এ নীতিমালা জারী করা হলো :

১। নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের মেধার ক্রমানুসারে প্রণীত তালিকার ভিত্তিতে সরকারি নির্দেশনা অনুযায়ী কোটা পদ্ধতি অনুসরণপূর্বক নিয়োগ প্রদান করা হবে। এ নিয়োগ শূন্যপদের বিপরীতে হবে। যে কোন পদের বিপরীতে প্রণীত অপেক্ষাধীন তালিকার কার্যকারিতার মেয়াদ নিয়োগ কমিটির সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের তারিখ হতে সর্বোচ্চ ৬ (ছয়) মাস পর্যন্ত বহাল থাকবে।

২। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী ১:2 অনুপাতে অর্থাৎ ১টি পদের জন্য প্রাথমিক বাছাইয়ে কমপক্ষে ২ জন যোগ্য প্রার্থী না পাওয়া গেলে, সেক্ষেত্রে পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করতে হবে।

৩। <u>নিয়োগ কমিটি</u> : কর্মকর্তাদের গ্রেড অনুযায়ী নিয়োগের সুপারিশ প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপভাবে ২ (দুই)টি কমিটি গঠিত হবে :

৩.১। <u>কমিটি নং-১</u> : ডিজিএম (এম-১, বেতন স্কেল টা:=৫৬,৫০০-৭১,৫৩০), এজিএম (এম-২, বেতন স্কেল টা:= ৫০,০০০-৭১,২০০) ও ম্যানেজার (এম-৩, বেতন স্কেল টা:=৪৩,০০০-৬৯৮৫০)পর্যায়ে কর্মকর্তাগণের নিয়োগের ক্ষেত্রে :

| | | |
|---|---|---|
| ১) ব্যবস্থাপনা পরিচালক - (সংশ্লিষ্ট কোম্পানির) | - | আহ্বায়ক |
| ২) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৩) বিপিসি'র একজন প্রতিনিধি (মহাব্যবস্থাপক পর্যায়ের) | - | সদস্য |
| ৪) মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট কোম্পানির সকল বিভাগ) | - | সদস্য |
| ৫) মহাব্যবস্থাপক (পার্সোনেল)-বিপিসিভূক্ত অন্য কোম্পানির | - | সদস্য |
| ৬) মহাব্যবস্থাপক (পার্সোনেল)- সংশ্লিষ্ট কোম্পানির | - | সদস্য-সচিব। |

৩.২। <u>কমিটি নং-০২</u> : ডেপুটি ম্যানেজার (এম-৪, বেতন স্কেল টা:=৩৯,১৫০-৬৭,০১০), এ্যাসিঃ ম্যানেজার (এম-৫, বেতন স্কেল টা:=৩৫,৫০০-৬০,৭৬০), সিনিয়র অফিসার (এম-৬, বেতন স্কেল টা:=২৯,০০০-৫৭,৫১০), অফিসার (এম-৭, বেতন স্কেল টা:=২৩,০০০-৫৫,৪৭০) ও জুনিয়র অফিসার (এম-৮, বেতন স্কেল টা:=২২,০০০-৫৩,০৬০), পর্যায়ে কর্মকর্তাগণের নিয়োগের ক্ষেত্রে :

| | | |
|---|---|---|
| ১) জিএম (সংশ্লিষ্ট কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত) | - | আহ্বায়ক |
| ২) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের একজন প্রতিনিধি | - | সদস্য |
| ৩) বিপিসি'র একজন প্রতিনিধি (মহাব্যবস্থাপক পর্যায়ের) | - | সদস্য |
| ৪) মহাব্যবস্থাপক (পার্সোনেল)-বিপিসিভূক্ত অন্য কোম্পানির | - | সদস্য |
| ৫) উপ-মহাব্যবস্থাপক (ফাইন্যান্স/অপারেশন্স/সেলস)-সংশ্লিষ্ট কোম্পানির | - | সদস্য |
| ৬) উপ-মহাব্যবস্থাপক (পার্সোনেল)- সংশ্লিষ্ট কোম্পানির | - | সদস্য-সচিব। |

৩.৩। কমিটির সদস্যবৃন্দের মধ্যে কোন কর্মকর্তার পদ শূন্য থাকলে সংশ্লিষ্ট বিভাগের জ্যেষ্ঠতম কর্মকর্তা উক্ত সদস্যের দায়িত্ব পালন করবেন।

**নোট :** স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানির ক্ষেত্রে শুধুমাত্র ০২ নং কমিটির ন্যায় ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠিত হবে, যেখানে আহবায়ক থাকবেন মহাব্যবস্থাপক। ২নং কমিটির ৫নং কর্মকর্তা থাকবেন না এবং ৬নংকর্মকর্তার স্থলে পার্সোনেল শাখা/বিভাগের দায়িত্বপ্রাপ্ত জ্যেষ্ঠ কর্মকর্তা সদস্য সচিব হবেন।

৪। কর্মকর্তা পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থী মূল্যায়ণ পদ্ধতি :

- পূর্ণমান : ১০০ নম্বর
- সার্বিক বিবেচনায় উত্তীর্ণ হওয়ার ন্যূনতম মান বা যোগ্যতা অর্জনের ন্যূনতম মান : ৫০ নম্বর

৪.১) মোট নম্বরের বন্টন :

| | | |
|---|---|---|
| ০১। | লিখিত পরীক্ষা | ৭৫ নম্বর |
| ০২। | শিক্ষাগত যোগ্যতা | ১৫ নম্বর |
| ০৩। | মৌখিক পরীক্ষার নম্বর | ১০ নম্বর |
| মোট | | ১০০ নম্বর |

নোটঃ লিখিত পরীক্ষা ৭৫ নম্বরের মধ্যে অনুষ্ঠিত হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য ৫০% নম্বর পেতে হবে।

৪.২) শিক্ষাগত যোগ্যতার নম্বর বন্টন পদ্ধতি :

৪.২.১) সাধারণ পদ :

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণি | | |
|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় |
| এস.এস.সি বা সমমান | ৩ | ২ | ১ |
| এইচ.এস.সি বা সমমান | ৩ | ২ | ১ |
| স্নাতক (পাস) | ৩ | ২ | ১ |
| স্নাতক (অনার্স) | ৪ | ৩ | ২ |
| স্নাতকোত্তর | ৫ | ৩ | ২ |

৪.২.২) কারিগরী বিষয়ক পদ :

ক) বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং ও এমবিবিএস ডিগ্রীধারী :

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণি | | |
|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় |
| এস.এস.সি বা সমমান | ৩ | ২ | ১ |
| এইচ.এস.সি বা সমমান | ৪ | ৩ | ২ |
| বিএসসি ইঞ্জিনিয়ারিং/এমবিবিএস ডিগ্রী/ AMIE ও সমতুল্য ডিগ্রী | ৮ | ৬ | ৪ |

খ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (উপ-সহকারী প্রকৌশলী সমমানের পদের জন্য) :

| পরীক্ষার নাম | বিভাগ/শ্রেণি | | |
|---|---|---|---|
| | ১ম | ২য় | ৩য় |
| এস.এস.সি বা সমমান | ৬ | ৪ | ২ |
| ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং | ৯ | ৭ | ৪ |

**নোট-১** : শিক্ষাগত যোগ্যতার নম্বর প্রদানের ক্ষেত্রে প্রচলিত জিপিএর সাথে সনাতন পদ্ধতির বিভাগ/শ্রেণী এর সামঞ্জস্য বিধান করার জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক স্মারক নং- শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২, তারিখ: ০২/৬/২০০৯ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪, তারিখ ০২/৩/২০১০ মূলে দুইটি প্রজ্ঞাপন জারী করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনে নির্ধারিত গ্রেড/শ্রেণীর তুল্যমান অনুযায়ী সিলেকশন কমিটি নম্বর গণনা করবে। এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনা পালন করতে হবে।

**নোট-২** : বিদেশী বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত আদেশ অনুযায়ী সমমান সার্টিফিকেট এর ভিত্তিতে নম্বর গণনা করা হবে।

৪.৩। **মৌখিক পরীক্ষার নম্বর বন্টন** : পরীক্ষার্থীর আচার-আচরণ ও সংশ্লিষ্ট বিষয়ে জ্ঞান বিবেচনা করে কমিটি মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত (১০) নম্বর এর মধ্যে নম্বর প্রদান করবেন।

৫। কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে অত্র নীতিমালায় নির্ধারিত মানদন্ড বিপিসি'র অধীনস্থ কোম্পানি এবং সকল অঙ্গ-প্রতিষ্ঠানসমূহের জন্য প্রযোজ্য হবে।

৬। গত ০৭/১১/২০১৭ তারিখে বিপিসি'র পরিচালনা পর্ষদের ৮৯৮-তম সভায় অনুমোদিত এই নীতিমালাটি অবিলম্বে কার্যকর হবে।

(কোজী মোহাম্মদ হাসান)
সচিব
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য: সংশোধনী-০১]

সংশোধনী-০১

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত)

# বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন
# Bangladesh Petroleum Corporation

নং-২৮.০৩.০০০০.০০৮.২৬.০০৫.০৭.৭(৩৯)

তারিখঃ ১৪/০২/২০১৯

**বিষয়ঃ বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তাদের "নিয়োগ নীতিমালা- ২০১৭" এর সংশোধনী।**

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) এর অধীনস্থ কোম্পানিসমূহের কর্মকর্তাদের নিয়োগ নীতিমালা গত ২২/০৩/২০১৮ তারিখ ২৮.০৩.০০০০.০০৮.২৬.০০৫.০৭./৪৯২ নং স্মারকমূলে জারী করা হয়। উক্ত জারীকৃত নীতিমালাটি গত ৩১/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বিপিসি'র ৯১৪ তম বোর্ড সভার অনুমোদনক্রমে নিম্নরূপভাবে সংশোধন করা হলো :

| অনুচ্ছেদ নং | নীতিমালার বর্তমান অবস্থা | অনুমোদিত সংশোধনী |
|---|---|---|
| ১নং অনুচ্ছেদ ১ম ও ২য় লাইন | "কোটা পদ্ধতি" | শব্দদ্বয় বাদ দেয়া |
| ৩.১ অনুচ্ছেদে কমিটি নং ১ এর ৫নং সদস্য পদ | "মহাব্যবস্থাপক (পার্সোনেল)- বিপিসি ভুক্ত অন্য কোম্পানির" | "মহাব্যবস্থাপক (পার্সোনেল/এইচ আর) - বিপিসি কর্তৃক মনোনীত অন্য যে কোন কোম্পানির একজন প্রতিনিধি" |
| ৩.১ অনুচ্ছেদে কমিটি নং ১ এর ৬নং সদস্য পদ | "মহাব্যবস্থাপক (পার্সোনেল)- সংশ্লিষ্ট কোম্পানির" | "মহাব্যবস্থাপক (পার্সোনেল/এইচ আর)/ বিভাগীয় প্রধান- সংশ্লিষ্ট কোম্পানির" |
| ৩.২ অনুচ্ছেদে কমিটি নং২ এর ১নং সদস্য পদ | "জিএম" | "মহাব্যবস্থাপক" |
| ৩.২ অনুচ্ছেদে কমিটি নং২ এর ৩নং সদস্য পদ | "বিপিসি'র একজন প্রতিনিধি (মহাব্যবস্থাপক পর্যায়ের)" | "বিপিসি'র একজন প্রতিনিধি" |
| ৩.২ অনুচ্ছেদে কমিটি নং২ এর ৪নং সদস্য পদ | "মহাব্যবস্থাপক (পার্সোনেল) "বিপিসিভূক্ত অন্য কোম্পানির | "বিপিসি কর্তৃক মনোনীত অন্য যে কোন কোম্পানির একজন প্রতিনিধি" |
| ৩.২ অনুচ্ছেদে কমিটি নং২ এর ৬নং সদস্য পদ | "উপ-মহাব্যবস্থাপক (পার্সোনেল)- সংশ্লিষ্ট কোম্পানির" | "উপ-মহাব্যবস্থাপক (পার্সোনেল/এইচ আর)/ বিভাগীয় প্রধান- সংশ্লিষ্ট কোম্পানির" |

২। নিয়োগ কমিটিতে বিপিসি বা কোম্পানির প্রতিনিধি মনোনয়ন চেয়ে কোম্পানিসমূহ কর্পোরেশনে পত্র প্রেরণ করবে।

৩। সংশ্লিষ্ট সকল কোম্পানির অনুসরণের জন্য নীতিমালার উক্ত সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

(কাজী মোহাম্মদ হাসান)
সচিব
ফোনঃ ০৩১-৭১৬৪১৩।

**বিতরণ:**

১। ব্যবস্থাপনা পরিচালক
(জেওসিএল/পিওসিএল/এমপিএল/ইআরএল/এলপিজিএল/ইএলবিএল), চট্টগ্রাম।

২। মহাব্যবস্থাপক, এসএওসিএল, চট্টগ্রাম।

O/C

**অনুলিপি :**

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।

২। সংশ্লিষ্ট নথি/মাষ্টার ফাইল।

Head Office: BSC Bhaban, Saltgola Road, P. O. Box No.2050, Chittagong-4100, Bangladesh. Tel: 031-726207, PABX: 88-031-716336-37, Fax: 88-031-720147
Dhaka Liaison Office: Jamuna Bhaban, 2 Kawran Bazar Commercial Area, Dhaka-1215, Bangladesh.
Tel: 02-8189556, 02-8189558, Fax: 02-8189557, E-Mail: chairman_bpc@yahoo.com